গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

স্মারক নং: মাউশি/লেইস/০২-১২৯/বেসিক ট্রেনিং/২০২৫/৫২৪ তারিখ : ১৭ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২৫ খ্রি.

বিষয় : **লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক পর্যায়ের নবীন শিক্ষকগণের দ্বিতীয় ব্যাচের বেসিক ট্রেনিং আয়োজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের আওতায় বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় গৃহীত লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্টটি অক্টোবর ২০২৩ হতে সেপ্টেম্বর ২০২৮ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। লেইস প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের জন্য ব্যাপকভিত্তিক প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা করা হয়েছে। তন্মধ্যে মাধ্যমিক পর্যায়ে নতুন নিয়োগপ্রাপ্ত ২৬৮৮০ জন শিক্ষকের (বিদ্যালয়: ১৮০১০ জন এবং মাদ্রাসা: ৮৮৭০ জন) জন্য ৫৬ দিনব্যাপী বেসিক ট্রেনিং আয়োজনের কর্মসূচি রয়েছে। মাধ্যমিক পর্যায়ের নবীন শিক্ষকগণকে হাতে-কলমে কার্যকর ও ফলপ্রসূ শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা ও আধুনিক ক্লাসরুমের চ্যালেঞ্জসমূহ মোকাবেলার উপযোগী করার লক্ষ্যে বেসিক প্রশিক্ষণ প্রদান করা হবে।

২। চলতি ২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষণ পরিকল্পনা অনুযায়ী আগামী ২০ ডিসেম্বর ২০২৫ থেকে দেশের ১৪টি সরকারি টিচার্স ট্রেনিং কলেজে (প্রতি টিটিসিতে প্রশিক্ষনার্থীর সংখ্যা সংযুক্তি-১ সদয় দ্রষ্টব্য) মাধ্যমিক পর্যায়ের নবীন শিক্ষকগণের জন্য ৫৬-দিন ব্যাপী বেসিক ট্রেনিং-এর ২য় ব্যাচের প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা করা হয়েছে। লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্টের ডিপিপি'র সংস্থানের আওতায় সংশ্লিষ্ট টিচার্স ট্রেনিং কলেজ এর অধ্যক্ষের তত্ত্বাবধানে বর্ণিত বেসিক ট্রেনিং কর্মসূচি আয়োজিত হবে। উক্ত প্রশিক্ষণ আয়োজনের জন্য সংশ্লিষ্ট টিচার্স ট্রেনিং কলেজ এর অধ্যক্ষগণকে জরুরিভিত্তিতে নিম্নবর্ণিত প্রস্তুতি গ্রহণের অনুরোধ করা হলো:

(ক) স্ব স্ব টিচার্স ট্রেনিং কলেজের সন্নিকটবর্তী অঞ্চল (catchment area: তালিকা সংযুক্তি-২) হতে জেলা শিক্ষা অফিসারগণের সহায়তায় সংযুক্তি ১ এ বর্ণিত সংখ্যক প্রশিক্ষণার্থী বাছাই করে বাছাইকৃত প্রশিক্ষনার্থী তালিকার একটি স্বাক্ষরিত স্ক্যান কপি আগামী ১০ ডিসেম্বর ২০২৫ খ্রি. এর মধ্যে লেইস পিআইইউ বরাবর ইমেইলে (laisetraining@gmail.com) প্রেরণ করবেন।

(খ) নিম্নবর্ণিত মানদন্ড অনুসরণপূর্বক প্রশিক্ষণার্থী বাছাই করতে হবে:

i. সরকারি অথবা এম.পি.ও ভুক্ত শিক্ষক হতে হবে, NTRCA এর সর্বশেষ গণবিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগকৃত শিক্ষকগণকে এ ব্যাচে মনোনয়ন দেয়া যাবে না ,তারা পরবর্তীতে সুযোগ পাবেন ।
ii. প্রশিক্ষণে মনোনীত শিক্ষকের বয়স ২৭ সেপ্টম্বর ২০২৫ খ্রি. তারিখে ৪০ বছরের অধিক হবে না। প্রতিটি উপজেলা /থানা হতে বয়সের ক্রমানুসারে জ্যেষ্ঠ শিক্ষককে মনোনীত করতে হবে।
iii. প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে বিদ্যালয় ও মাদ্রাসার অনুপাত হবে ২:১।
iv. কোনো বিদ্যালয়/মাদ্রাসা হতে ১ জনের বেশি শিক্ষক নির্বাচন করা যাবে না।
v. মনোনীত শিক্ষক সংশ্লিষ্ট টিটিসি'র সন্নিকটবর্তী এলাকার **(catchment area)** হতে হবে। (সংযুক্তি-২: সদয় দ্রষ্টব্য)।
vi. প্রশিক্ষণার্থীর মধ্যে পুরুষ শিক্ষক ও নারী শিক্ষকের অনুপাত হবে ৭:৩।
vii. এটি একটি পূর্ণকালীন আবাসিক প্রশিক্ষণ বিধায় প্রশিক্ষণ চলাকালীন বি.এড/এম.এড/ অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক কাউকে মনোনয়ন দেওয়া যাবে না।
viii. কোনো শিক্ষা প্রতিষ্ঠানে একাধিক যোগ্য ও আগ্রহী শিক্ষক থাকলে প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে জ্যেষ্ঠতাকে প্রাধান্য দিতে হবে। প্রশিক্ষণ কার্যক্রম ২০২৮ সাল পর্যন্ত চলবে বিধায় তুলনামূলকভাবে কম বয়সের শিক্ষকগণ এ প্রশিক্ষণে পরবর্তীতে অংশগ্রহনের সুযোগ পাবে ।

ix. প্রশিক্ষণ কেন্দ্রের আবাসিক সক্ষমতা বিবেচনায় নারী প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে শিশু সন্তানসহ অংশগ্রহণকারীকে যথাসম্ভব নিরুৎসাহিত করা হবে।

x. যদি কোনো প্রশিক্ষণার্থী তথ্য গোপন করে প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করে আর পরবর্তীতে ধরা পড়ে তাহলে প্রশিক্ষণে অবস্থানকালীন ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে হবে।

xi. প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ের শিক্ষকগণকে অগ্রাধিকার দিতে হবে; শরীরচর্চা শিক্ষকগণ মনোনয়ন পেতে পারে কিন্তু লাইব্রেরিয়ান/সহ.লাইব্রেরিয়ান মনোনয়ন পাবে না।

(গ) সংশ্লিষ্ট টিটিসিকে প্রশিক্ষণে অংশগ্রহণকারী সকল প্রশিক্ষণার্থীর আবাসনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। এছাড়া আইসিটি ল্যাব ও ক্লাসরুম সুবিধা নিশ্চিত করতে হবে।

(ঘ) অর্থ বিভাগের ২১ অক্টোবর ২০২৫ খ্রি. তারিখে প্রকাশিত বেসিক প্রশিক্ষণের বাজেট বিভাজন অনুযায়ী প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনার জন্য প্রতিটি টিটিসিতে প্রতি ব্যাচের (৪০ জনের ব্যাচ) জন্য একটি কো-অর্ডিনেশন কমিটি গঠিত হবে।

(ঙ) প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রতিটি টিটিসিতে প্রশিক্ষণ বাজেট বিভাজনের কপি প্রেরিত হবে। উক্ত বাজেট বিভাজন এবং সরকারি ক্রয় নীতমালা অনুসরণপূর্বক প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় ক্রয় (যথা: প্রশিক্ষণ উপকরণ ইত্যাদি) সম্পাদন করতে হবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে।

(চ) টিচার্স ট্রেনিং কলেজের শিক্ষকগণের মধ্যে বেসিক ট্রেনিং এর মাস্টার ট্রেইনার হিসেবে প্রশিক্ষিত শিক্ষকগণ এ প্রশিক্ষণে প্রশিক্ষকের দায়িত্ব পালন করবেন।

(ছ) বর্ণিত প্রশিক্ষণ আয়োজনের সার্বিক প্রস্তুতি বিশদ পর্যালোচনার জন্য শীঘ্রই সকল সরকারি টিচার্স ট্রেনিং কলেজ-এর অধ্যক্ষ, উপাধ্যক্ষ এবং ফোকাল পয়েন্টগণের অংশগ্রহণে অনলাইনে একটি সভা অনুষ্ঠিত হবে।

৩। এ পরিপ্রেক্ষিতে, লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক পর্যায়ের নবীন শিক্ষকগণকে বেসিক ট্রেনিং প্রদান এর লক্ষ্যে প্রতিটি টিটিসির জন্য নির্ধারিত সংখ্যক প্রশিক্ষণার্থী অনুচ্ছেদ ৩ (খ) এ বর্ণিত মানদণ্ড অনুসারে বাছাইকরণ এবং প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় লেইস প্রকল্পকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

02.12.2025

(প্রফেসর শিপন কুমার দাস)
প্রকল্প পরিচালক
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট
ই-মেইল:shiponkd69@gmail.com
মোবাইল : ০১৮১৬৬১১৯৬০

অধ্যক্ষ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (সকল)
বাংলাদেশ।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
২. পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৩. ফোকাল পয়েন্ট, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (সকল);
৪. পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (সকল);
৫. উপ-পরিচালক (মাধ্যমিক), আঞ্চলিক উপ-পরিচালকের কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (সকল);
৬. জেলা শিক্ষা অফিসার (সকল) ;
৭. উপজেলা /থানা শিক্ষা অফিসার (সকল );
৮. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ।
৯. সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

**সংযুক্তি-১**

লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট এর আওতায় বেসিক ট্রেনিং প্রদানের লক্ষ্যে টিটিসির তালিকা, প্রতি টিটিসিতে ব্যাচের সংখ্যা ও মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা নিম্নরূপ:

| ক্রম. | টিটিসির নাম | ব্যাচ সংখ্যা | প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থীর সংখ্যা | মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা (জন) |
|---|---|---|---|---|
| ১. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা | ৩ | প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থীর সংখ্যা ৪০ জন | ১২০ |
| ২. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, চট্টগ্রাম | ২ | | ৮০ |
| ৩. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ফেনী | ৩ | | ১২০ |
| ৪. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, কুমিল্লা | ৩ | | ১২০ |
| ৫. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, সিলেট | ১ | | ৪০ |
| ৬. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ময়মনসিংহ | ৩ | | ১২০ |
| ৭. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (মহিলা), ময়মনসিংহ | ৩ | | ১২০ |
| ৮. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রংপুর | ৩ | | ১২০ |
| ৯. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রাজশাহী | ৩ | | ১২০ |
| ১০. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, পাবনা | ২ | | ৮০ |
| ১১. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা | ৩ | | ১২০ |
| ১২. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, বরিশাল | ৩ | | ১২০ |
| ১৩. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ফরিদপুর | ৩ | | ১২০ |
| ১৪. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, যশোর | ৩ | | ১২০ |
| **সর্বমোট** | | **৩৮** | | **১৫২০** |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

**সংযুক্তি-২**

**টিচার্স ট্রেনিং কলেজের সন্নিকটবর্তী অঞ্চল (Catchment Area) এর তালিকা**

| ক্রম. | টিটিসির নাম | ক্যাচমেন্টের অন্তর্ভূক্ত জেলার নাম |
|---|---|---|
| ১. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা | ঢাকা, নারায়ণগঞ্জ, নরসিংদী, মুন্সিগঞ্জ ও মানিকগঞ্জ |
| ২. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, চট্রগ্রাম | চট্রগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বানরবন |
| ৩. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ফেনী | ফেনী, নোয়াখালী ও লক্ষীপুর |
| ৪. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, কুমিল্লা | কুমিল্লা, ব্রাক্ষমণবাড়িয়া ও চাঁদপুর |
| ৫. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, সিলেট | সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ |
| ৬. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ময়মনসিংহ | কিশোরগঞ্জ, জামালপুর, শেরপুর ও টাঙ্গাইল |
| ৭. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (মহিলা), ময়মনসিংহ | গাজীপুর, ময়মনসিংহ ও নেত্রকোনা |
| ৮. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রংপুর | রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, ঠাকুরগাঁও, পঞ্চগড় ও গাইবান্ধা |
| ৯. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রাজশাহী | রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ ও জয়পুরহাট |
| ১০. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, পাবনা | পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, কুষ্টিয়া ও নাটোর |
| ১১. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা | খুলনা, পিরোজপুর, নড়াইল, বাগেরহাট ও সাতক্ষীরা |
| ১২. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, বরিশাল | বরিশাল, পটুয়াখালী, ভোলা, বরগুনা ও ঝালকাঠি |
| ১৩. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ফরিদপুর | ফরিদপুর, শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ ও রাজবাড়ী |
| ১৪. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, যশোর | যশোর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মেহেরপুর ও মাগুরা |